প্রথম আলো

তারিখ 26 JAN 2014
পৃষ্ঠা 2 কলাম 8

আইএইচটি ছাত্রাবাস

শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা

নিজস্ব প্রতিবেদক ●

মহাখালীতে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজির (আইএইচটি) ছাত্রাবাসে শিক্ষার্থীদের মারধর করার অভিযোগ উঠেছে ছাত্রলীগের বিরুদ্ধে। গত শুক্রবার রাতে ছাত্রলীগের নেতারা ফিজিওথেরাপি স্নাতক কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাত্রাবাস থেকে তাড়িয়ে দিতে তাঁদের ওপর হামলা চালান।

শিক্ষার্থীদের অভিযোগ, শুক্রবার দিবাগত রাত দেড়টার দিকে আইএইচটি শাখা ছাত্রলীগের সভাপতি জসিমউদ্দিন ও সাধারণ সম্পাদক হেদায়েতুল ইসলামের নেতৃত্বে একদল নেতা-কর্মী লাঠিসোঁটা নিয়ে প্রতিষ্ঠানটির ছাত্রাবাসে ঢুকে পড়েন। তাঁরা স্নাতক শিক্ষার্থীদের মারধর করে তাঁদের মালামাল বাইরে ছুড়ে মারতে থাকেন। ছাত্রলীগের কমিটিতে যাঁদের নাম নেই, তাঁদের বেরিয়ে যেতে বলা হয়। পরে ইনস্টিটিউটের শিক্ষক ও পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, পছন্দের শিক্ষার্থীদের আইএইচটিতে ভর্তি না করায় এর আগে ইনস্টিটিউট শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেন।

জানতে চাইলে ছাত্রলীগের সাধারণ সম্পাদক হেদায়েতুল ইসলাম বলেন, ছাত্রাবাসে আসনসংখ্যা সীমিত থাকায় ডিপ্লোমা চূড়ান্ত বর্ষ যাঁরা পাস করেছেন, শুধু তাঁদের ছাত্রাবাস ছেড়ে দিতে বলা হয়েছে। শিক্ষার্থীদের ওপর কোনো হামলা চালানো হয়নি। ছাত্রলীগ কোনো শিক্ষার্থীকে ছাত্রাবাস ছেড়ে দিতে বলতে পারে কি না, এ প্রশ্নের কোনো জবাব দেননি তিনি।

বনানী থানার ওসি ভূঁইয়া মাহবুব হাসান বলেন, ছাত্রলীগের আড়ালে থেকে ছাত্রশিবির প্রতিষ্ঠানটিতে অপ্রীতিকর ঘটনা ঘটাচ্ছে। তবে এ ব্যাপারে উভয় পক্ষের মধ্যে মীমাংসা করে দেওয়া হয়েছে। এ ঘটনায় সাধারণ ছাত্রদের পক্ষ থেকে সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে।